# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 03-11-2025** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী বলেছেন, দেশ এখন কেবল প্রযুক্তি ব্যবহারই করছে না, বরং প্রযুক্তিগত রূপান্তরের পথিকৃৎ হয়ে উঠেছে।

নতুন দিল্লির ভারত মণ্ডপমে এমার্জিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি ইনোভেশন কনক্লেভে-র উদ্বোধন করে ভাষণ দেন প্রধানমন্ত্রী।

২/ উত্তরাখণ্ডে জীবনযাত্রার মানোন্নয়ন হয়েছে এবং নারীশিক্ষার প্রভূত প্রসার ঘটেছে বলে রাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেছেন। তিনি আজ উত্তরাখন্ড বিধানসভার বিশেষ অধিবেশনে ভাষণ দেন।

৩/ ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানে যোগ দিতে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ কলকাতায় এসেছেন।

৪/ বিহারে প্রথম পর্বে নির্বাচনী প্রচার আগামীকাল শেষ হবে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে ব্যস্ত।

৫/ তেলেঙ্গানার রাঙ্গারেড্ডি জেলায় এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় ১৯ জনের মৃত্যু।

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর শোক প্রকাশ।

৬/ বাংলা ও ত্রিপুরার মধ্যে চারদিনের রঞ্জি ট্রফি খেলার আজ তৃতীয় দিন। প্রথম ইনিংসে বাংলার ৩৩৬ রানের জবাবে শেষ পাওয়া খবরে ত্রিপুরা করেছে ৬ উইকেটে ১৪৫ রান।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ এখন কেবল প্রযুক্তির ব্যবহার করছে না, বরং প্রযুক্তিগত রূপান্তরের পথিকৃৎ হয়ে উঠেছে। নতুন দিল্লির ভারতমণ্ডপমে উদীয়মান বিজ্ঞান ও প্রযুক্তি সম্মেলন – ESTIC ২০২৫-এর উদ্বোধন করে শ্রী মোদী বলেন, প্রযুক্তিগত ক্ষেত্রে দেশ উত্তরোত্তর উন্নতি করছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার দেশে উদ্ভাবনের আধুনিক পরিমণ্ডল তৈরি করার জন্য গবেষণা পদ্ধতি সহজতর করার ওপর জোর দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, জনগণের সুবিধার্থে বিশ্বের সবচেয়ে সফল ডিজিটাল পরিকাঠামো ভারতেই তৈরি হয়েছে।

সম্মেলনে, প্রধানমন্ত্রী আজ দেশে গবেষণা ও উন্নয়ন পরিকাঠামোকে উৎসাহিত করতে এবং এই বিষয়ে বেসরকারি ক্ষেত্রকেও সচল করে তুলতে এক লক্ষ কোটি টাকার গবেষণা উন্নয়ন ও উদ্ভাবন প্রকল্প তহবিলও চালু করেছেন।

বাইট – প্রধানমন্ত্রী

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ উত্তরাখণ্ড বিধানসভার বিশেষ অধিবেশনে ভাষণ দিয়েছেন। তিনি বলেছেন, উন্নয়নের ধারাবাহিক প্রচেষ্টার ফলে এই রাজ্যে মানব জীবনের মান উন্নত হয়েছে। সাক্ষরতার হার বাড়ায় তিনি সন্তোষ ব্যক্ত করেছেন। রাষ্ট্রপতি জানিয়েছেন, রাজ্যে নারী শিক্ষার প্রসার ঘটেছে। কমেছে প্রসবকালীন মৃত্যু ও

সদ্যোজাতদের মৃত্যুর হার। স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে রাজ্য সরকার কাজ করছে বলেও তিনি জানিয়েছেন।

উত্তরাখণ্ডের পবিত্র ভূমিকে তিনি আধ্যাত্মিকতা ও বীরত্বের স্থান বলে উল্লেখ করেছেন। এই রাজ্যের তরুণ প্রজন্ম সেনায় যোগ দিয়ে দেশরক্ষায় যেভাবে কাজ করছে, তারও প্রশংসা করেন রাষ্ট্রপতি। গত ২৫ বছরে উত্তরাখণ্ড পরিবেশ, পর্যটন, শিক্ষা, ডিজিটাল পরিকাঠামো উন্নয়নে প্রভূত উন্নতি করেছে বলেও শ্রীমতি মুর্মু জানিয়েছেন।

--------------------

টেলি যোগাযোগ দপ্তর, চতুর্থ জাতীয় ডিজিটাল জীবন সংশাপত্র কর্মসূচীর সূচনা করেছে। এই কর্সূচীর আওতায় দেশের প্রতিটি জেলার জেলা সদর এবং দু হাজারের বেশি মহকুমা শহরে পেনশনভোগীদের সহায়তা করা হবে।

--------------------

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ নতুনদিল্লিতে চতুর্থ জাতীয় ডিজিটাল জীবন শংসাপত্র অভিযান এর অধীনে এসবিআই এর এক মেগা ক্যাম্পে যোগদান করবেন। কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রক জানিয়েছে, এই অভিযানের লক্ষ্য ২০০০ টিরও বেশি শহরের  দুই কোটি পেনশনভোগীর কাছে স্যাচুরেশন-ভিত্তিক আউটরিচ পদ্ধতির মাধ্যমে পৌঁছানো। মন্ত্রক সূত্রে আরও জানানো হয়েছে, এই অভিযানে আধার-ভিত্তিক ফেস অথেনটিকেশন প্রযুক্তি ব্যবহারের ফলে পেনশনভোগীরা বায়োমেট্রিক যন্ত্র ছাড়াই তাদের জীবন শংসাপত্র জমা দিতে পারবেন।

ব্যাংক, ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাংক, আধার, বৈদ্যুতিন ও তথ্য ও প্রযুক্তি মন্ত্রক, রেলওয়ে এবং পেনশনভোগী কল্যাণ সমিতি সহ সমস্ত প্রধান অংশীদাররা যোগ দেবেন এই অভিযানে, যারা পেনশনভোগীদের ডিজিটাল অন্তর্ভুক্তিতে সহযোগিতা করবেন।

---------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ একদিনের সফরে এখন কলকাতায়। বণিকসভা ভারত চেম্বার অফ কমার্স – বিসিসি-র ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করবেন তিনি। এই অনুষ্ঠানের মূল ভাবনা 'বিকশিত ভারত'। আজ সকালে বিমানবন্দর থেকে নেমে তিনি আউট্রাম স্ট্রীটের শ্রী সদনে যান।

দেশের সামগ্রিক উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতি, শিল্পক্ষেত্রের বিস্তার এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিসিসি-র এই অনুষ্ঠানে আলোচনা করবেন উপস্থিত অতিথিরা। শহরের শিল্প-বাণিজ্য ক্ষেত্রে ভারত চেম্বার অফ কমার্স দীর্ঘদিন ধরে যে ভূমিকা পালন করে আসছে, এই অনুষ্ঠান তার এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। ওম বিড়লার উপস্থিতি এই বর্ষপূর্তি উদযাপনকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলবে। জানা গেছে, লোকসভার  অধ্যক্ষ দুপুরে ওই অনুষ্ঠানে যোগ দেওয়ার পর কলকাতা রাজভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে বৈঠক করবেন। সন্ধেতেই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

---------------------

SIR আবহে পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগণার স্বরূপনগর থেকে গতকাল ফের ৩৩ জন বাংলাদেশীকে আটক করেছে সীমান্ত রক্ষী বাহিনী-BSF । পুলিশ গতকাল এদের বসিরহাট আদালতে তুললে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। জানা গেছে, বিথারি সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে প্রবেশের চেষ্টার সময়

টহলরত BSF জওয়ানরা তাদের আটক করে পুলিশের হাতে তুলে দেয়। গত সপ্তাহে দু দিনে স্বরূপনগরে ১৫ টি শিশু সহ ৫৬ জন বাংলাদেশীকে গ্রেফতার করা হয়েছিল।

এদিকে, মালদার হবিবপুর থানার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী ইটাঘাটি এলাকায় অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টায় BSF-এর হাতে এক বাংলাদেশী ধরা পড়ে। ধৃত আব্দুল মান্নানকে হবিবপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

শিলিগুড়ির, ভারত-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি থেকে এক বাংলাদেশীকে আটক করেছে SSB। ধৃত ২৬ বছরের হেমাল চন্দ্র রায়, বাংলাদেশের দিনাজপুরের বাসিন্দা। তার কাছ থেকে উদ্ধার হয়েছে নকল ভারতীয় আধার কার্ড।

--------------------

বিহারে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের প্রচার, আগামীকাল শেষ হবে। শেষ লগ্নের প্রচারে NDA এবং মহাজোটের তারকা প্রচারকরা বিভিন্ন বিধানসভা কেন্দ্রে তাঁদের দলের হয়ে প্রচার অভিযান আরো জোরদার করেছেন। উর্ধ্বতন বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহর্ষ ও কাটিহারে এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র ণন্ত্রী অমিত শাহ শিউহর, সীতামারি এবং মধুবনীতে জনসভায় ভাষণ দেবেন। মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী আরজেডি নেতা তেজস্বী যাদব বক্সার, ভোজপুর, সারন, পাটনা এবং নালন্দা জেলায় নির্বাচনী প্রচারে যোগ দেবেন।

--------------------

তেলেঙ্গানার রাঙ্গারেড্ডি জেলার চেভেলার কাছে মিরজাগুড়া-খানাপুর সড়কে এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় ১৯ জন নিহত হয়েছেন। আহত ২০ জন। আজ সকাল ৮টা নাগাদ ভিকারাবাদ-হায়দ্রাবাদ সড়কে একটি ট্রাক, একটি দু’চাকার গাড়িকে ওভারটেক

করার সময় একটি আর টি সি বাসের সঙ্গে সংঘর্ষ হয় বলে জানা গেছে। ভিকারাবাদের পুলিশ অফিসার জানিয়েছেন, ১৯ জনের মৃতদেহ নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে এবং আহতদের হাসপাতালে পাঠানো হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি এই দুর্ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে অভিহিত করেছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণও দুর্ঘটনাটিকে দুঃখজনক বলে অভিহিত করেছেন এবং এই কঠিন সময়ে ক্ষতিগ্রস্ত মানুষ এবং তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গভীর শোক ব্যক্ত করেছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে নিহতদের নিকটাত্মীয়দের জন্য দুই লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি কর্মকর্তাদের যুদ্ধকালীন তৎপরতায় চিকিৎসা সহায়তা প্রদানের নির্দেশ দিয়েছেন।

--------------------

৩৫ জন ভারতীয় মৎসজীবীকে আজ গ্রেফতার করেছে শ্রীলঙ্কার নৌসেনা। এই মৎসজীবীরা তামিলনাড়ু এবং কাড়াইকলের বাসিন্দা। আন্তর্জাতিক জলসীমা লঙ্ঘণ করার অভিযোগ আনা হয়েছে ধৃতদের বিরুদ্ধে। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর ওই

মৎসজীবীদের গ্রেফতার করা হয়। বর্তমানে জাফনায় রয়েছেন তাঁরা, আটক করা হয়েছে তাঁদের মাছ ধরার নৌকাগুলিকেও।

---------------------

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর ভারত সফররত বাহারিনের বিদেশ মন্ত্রী আব্দুল-লতিফ-বিন-রশিদ-আল-জ়ায়ানিকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় ডক্টর জয়শঙ্কর বলেছেন, পঞ্চম ভারত-বাহারিন যৌথ কমিশনের উচ্চ পর্যায়ের বৈঠকে ফলপ্রসূ আলোচনা হবে বলে তিনি আশাবাদী।

আগেই জানানো হয়েছে, তিনদিনের সফরে আল জায়ানি গতরাতে নতুন দিল্লি এসে পৌঁছেছেন। দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো মজবুত করাই এই বৈঠকের লক্ষ্য।

উল্লেখ্য, ভারত ও বাহারিনের মধ্যে ১৯৭১ সালে কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয়। দুদেশের মধ্যে দীর্ঘ ঐতিহাসিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক সম্পর্কের ইতিহাস রয়েছে। ২০১৯-এ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাহারিন সফর করেন।

---------------------

উত্তর আফগানিস্তানে গত রাতে ভয়াবহ ভূমিকম্পে দশজনের মৃত্যু হয়েছে। আহত ২৬০ জন। কম্পনের মাত্রা ছিল ৬ দশমিক ৩।

আফগানিস্তানের জাতীয় বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষ জানিয়েছে, ভূমিকম্পের ফলে দেশের উত্তর-পশ্চিম, মধ্য, পশ্চিম, উত্তর, উত্তর-পূর্ব এবং পূর্বাঞ্চলের বিভিন্ন এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল মাজার-ই-শরিফ শহরের কাছে খোলমে ভূপৃষ্ঠের ২৩ কিলোমিটার গভীরে। সেখানে ক্ষয়ক্ষতির পরিমাণ সবচেয়ে বেশি। কর্তৃপক্ষ জানিয়েছে, আহতদের অনেককে প্রাথমিক চিকিৎসার পর হাসপাতাল

থেকে ছেড়ে দেওয়া হয়েছে। উজবেকিস্তান, তাজিকিস্তান এবং পাকিস্তানেও মৃদু কম্পনের খবর মিলেছে।

---------------------

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, বিশ্বের যে দেশগুলি নিয়মিত পারমাণবিক অস্ত্রের পরীক্ষা করে আসছে, তাদের মধ্যে পাকিস্তান অন্যতম। পাকিস্তানের পাশাপাশি রাশিয়া, চিন ও উত্তর কোরিয়ার বিরুদ্ধেও একই অভিযোগ করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

এদিকে, প্রায় ৩০ বছর পর ফের পারমাণবিক অস্ত্রের পরীক্ষা করার সিদ্ধান্ত নিয়েছে মার্কিন যুক্তরাষ্ট। এই প্রসঙ্গে গতকাল ডোনাল্ড জানিয়েছেন, যখন অন্যান্য পরমাণু শক্তিধর দেশগুলি নিয়মিত অস্ত্রের পরীক্ষা করে চলেছে, তখন মার্কিন যুক্তরাষ্ট্র তা বন্ধ রাখতে পারে না। আমেরিকার কাছে অন্যান্য দেশের তুলনায় অনেক বেশি পারমাণবিক অস্ত্র রয়েছে বলেও ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন। পারমাণবিক অস্ত্র নিরস্ত্রীকরণের বিষয়ে রাশিয়া ও চিনের সঙ্গে তাদের কথা হয়ে বলেও জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট।

---------------------

বাংলা ও ত্রিপুরার মধ্যে চারদিনের রঞ্জি ট্রফি খেলার আজ তৃতীয় দিন। ত্রিপুরা প্রথম ইনিংসে শেষ পাওয়া খবরে ৬ উইকেটে ১৪৫ রান করেছে। ত্রিপুরা হনুমা বিহারি ৫৫ রানে অপরাজিত। বাংলার মহম্মদ কায়িফ ১৯ রানের বিনিময়ে তিনটি উইকেট পান।

এর আগে বাংলার ইনিংস ৩৩৬ রানে শেষ হয়। সুদীপ ঘরামি ১০৮ ও শাকির গান্ধী ৯৫ রান তোলেন। ত্রিপুরার রানা দত্ত তিনটি উইকেট সংগ্রহ করেন।

-------------------- --------------------